LINC IV ভাড়া সহায়তা কর্মসূচী

DHS গ্রাহকদের জন্য তথ্য পত্র

ফেব্রুয়ারী 2018

কমিউনিটিতে বসবাস (LIVING IN COMMUNITIES, LINC) IV ভাড়া সহায়তা কর্মসূচী কী?

লিংক LINC IV ভাড়া সহায়তা কর্মসূচী (LINC IV Rental Assistance Program) বর্তমানে নিউ ইয়র্ক শহরের গৃহহীণ পরিষেবা বিভাগের (Department of Homeless Services, DHS) আশ্রয়ের, নিরাপদ স্থানের এবং ড্রপ ইন সেন্টারের প্রাপ্তবয়স্ক এবং প্রাপ্তবয়স্ক পরিবারকে পরিষেবা প্রদান করে, যা 60 বছর বা তার বেশি বয়সী কাউকে সংযুক্ত করে, SSI, SSD বা বার্ধক্য প্রতিবন্ধী সুবিধা বা ক্ষতিপূরণ গ্রহণ করেন বা বর্তমানে যারা এই ধরনের সুবিধা গ্রহণ করছেন না কিন্তু নিউ ইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) দ্বারা এই ধরনের সুবিধার সম্ভাব্য যোগ্যতার জন্য নির্ধারিত। LINC IV যোগ্য পরিবারকে এক বছরের জন্য পরিবারের ভাড়ার একটি অংশ পরিশোধ করার মাধ্যমে যতটা তাড়াতাড়ি সম্ভব অস্থায়ী, আপত্কালীন আশ্রয় থেকে সমাজে ফিরে আসতে সাহায্য করতে পারে এবং রিসার্টিফিকেশন নির্ধারণের জন্য বার্ষিক পর্যবেক্ষণ করবে; রিসার্টিফিকেশন চালু সহায়তার জন্য পরিবারের প্রয়োজন মূল্যায়ণ করবে। উপলব্ধ তহবিলের কারণে শুধুমাত্র সীমিত সংখ্যক পরিবাররা LINC IV ভাড়া সহায়তা পাবেন। অতএব, উপরোক্ত মাপদণ্ড সম্পূর্ণ করা সমস্ত গ্রাহক ভাড়ার সহায়তা গ্রহণ করতে সক্ষম হবেন না।

LINC IV ভাড়া সহায়তা কর্মসূচী:

- আপনাকে ভাড়া দিতে সাহায্য করে, যদি আপনি যোগ্য হন এবং তহবিল উপলব্ধ থাকে।
- আপনার অ্যাপার্টমেন্টের ভাড়া হিসেবে আপনার পারিবারিক আয়ের (উপার্জিত এবং অনুপার্জিত) 30% প্রদান করতে হবে বা ঘরের ভাড়া হিসেবে $50 প্রদান করতে হবে।
- কর্মসূচীর জন্য তহবিল উপলব্ধ থাকা পর্যন্ত এবং আপনার সহায়তার আবশ্যকতা থাকা পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য বিস্তার করা যেতে পারে।

আমি যোগ্য কিনা আমি কিভাবে জানব?

আপনি যোগ্য হতে পারেন যদি:

- আপনি বর্তমানে একক প্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্ক পরিবারের জন্য DHS আশ্রয়ে বা একটি DHS নিরাপদ স্থান বা ড্রপ ইন সেন্টারে আছেন।
- আপনার পরিবারের অন্তত একজন সদস্যের বয়স 60 বা তার বেশি বা SSI, SSD,বার্ধক্য প্রতিবন্ধী সুবিধা বা ক্ষতিপূরণ গ্রহণ করছেন। সুতরাং, সেই পরিবারের জন্য LINC IV উপলব্ধ যাদের সাথে এই ধরনের সুবিধার জন্য সম্ভাব্য যোগ্য ব্যক্তি আছেন কিন্তু বর্তমানে সেগুলি পাচ্ছেন না। যদি আপনি মনে করেন যে আপনি প্রতিবন্ধী সুবিধার জন্য যোগ্য হতে পারেন, অনুগ্রহ করে আপনার কেস ম্যানেজারের সঙ্গে কথা বলুন।
- আপনার কাছে একটি সক্রিয় বা একক বিষয়ের সরকারি সহায়তা কেস আছে। যদি আপনার কাছে বর্তমানে কোনও সরকারি সহায়তা কেস না থাকে, আপনি যোগ্য কি না নির্ধারণ করার জন্য অনুগ্রহ করে আপনার কেস ম্যানেজারের সাথে কথা বলুন।
- আপনার পারিবারিক আয় যেন ফেডেরাল দারিদ্রতা স্তরের থেকে 200% বেশি না হয়।
- আশ্রয়ে আপনার নিবাসের উপর ভিত্তি করে আমরা আপনার নিবাসের গুরুত্ব স্থির করেছি।

যদি HRA এবং DHS নির্ধারণ করেন যে আপনি যোগ্য তাহলে আপনি একটি সার্টিফিকেশন পত্র পাবেন যা 90 দিনের জন্য বৈধ থাকবে। 90 দিনের পর, যদি আপনি স্থায়ী নিবাস খোঁজার জন্য এই পত্রটি ব্যবহার না করেন তাহলে আপনি এখনও যোগ্যতা মানদণ্ড সম্পূর্ণ করছেন কি না তা HRA এবং DHS নির্ধারণ করবে। যদি আপনার নিবাস খুঁজতে কোনও সমস্যা হয় বা কোনও প্রশ্ন থাকে তাহলে আপনাকে আপনার কেস ম্যানেজার বা আপনার সুবিধাকেন্দ্রের হাউজিং বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে যদি কর্মসূচীর তহবিল শেষ হয়ে যায় বা সমাপ্ত হয়ে যায় তাহলে সার্টিফিকেশন পত্র বৈধ থাকবে না।

কমিউনিটিতে আমার প্রথম বছরের পর আমার ভাড়ার সহায়তা কিভাবে পুনর্নবীকরণ করব?

আপনার প্রথম বছরের পর, তহবিল উপলব্ধ থাকার সময় আপনি বার্ষিকভাবে পুনর্নবীকরণ পেতে পারেন, যদি আপনার বার্ষিক আয় দারিদ্রতা স্তরের 200% বেশি না হয় এবং আপনার পরিবারে 60 বা তার বেশী বয়সী কোনও ব্যক্তি থাকে বা SSI, SSD, বা বার্ধক্য প্রতিবন্ধী সুবিধা বা ক্ষতিপূরণ গ্রহণকরী কোনও ব্যক্তি থাকে।

আমাকে ভাড়া হিসেবে কত অর্থ দিতে হবে?

যদি আপনি LINC IV ভাড়া সহায়তা কর্মসূচীর জন্য যোগ্য হন এবং নথিভুক্ত থাকেন তাহলে অ্যাপার্টমেন্টের জন্য আপনার বার্ষিক আয়ের 30% আপনাকে অবশ্যই দিতে হবে বা ঘরের ভাড়া হিসেবে $50 দিতে হবে। যদি আপনি মাসিক সরকারি সহায়তা আশ্রয় ভাতা পেয়ে থাকেন তাহলে এটি আপনার ঘরের জন্য সম্পূর্ণভাবে আপনার অংশদানকে কভার করবে এবং একটি অ্যাপার্টমেন্টের জন্য আপনার অংশদানের একটি অংশ কভার করবে। আপনি লিজ স্বাক্ষর করার সময় সেই বছরের জন্য আপনার অংশদানের রাশি স্থির করা হয় এবং LINC IV কর্মসূচীতে প্রথম বছরের জন্য পরিবর্তন হবে না কিন্তু কর্মসূচীর জন্য আপনার বার্ষিক পুনর্নবীকরণের সময় পর্যবেক্ষণ করা হবে। আপনার মোট মাসিক পারিবারিক আয়ের মধ্যে রয়েছে নিযুক্তির উপার্জন এবং অনুপার্জিত আয় যেমন SSI/SSD। ভর্তুকিযুক্ত নিযুক্তির আয়, যেমন TEAP পার্ক বিভাগ (TEAP Parks Department) এবং কলেজ কর্ম অধ্যায়ন চাকরি থেকে আয়কে, আয়ের মধ্যে যুক্ত করা হয় না। অতএব, আশ্রয় প্রস্থান অন্তর্বর্তীকালীন চাকরি কর্মসূচীর (Shelter Exit Transitional Jobs Program, SET) থেকে আয়কে, আয়ের মধ্যে যুক্ত করা হয়।

আপনার মাসিক আয়ের পরিমাণের থেকে বেশি ভাড়া প্রদান করা **উচিত নয়** এবং আপনার কোনও সিকিউরিটি ডিপোজিট বা ব্রোকার ফিও দেওয়া উচিত নয়।(এই শহর সিকিউরিটি ডিপোজিট এবং ব্রোকার ফি জারি করছে, যদি প্রয়োজন হয়।) এই ধরনের পেমেন্টকে সাইড ডিল বলা এবং LINC IV কর্মসূচীর অধীনে **নিষিদ্ধ**। যদি কোনও ব্যক্তি আপনাকে এ ধরনের পেমেন্ট করতে বলে তাহলে আপনার 311 বা 929-221-0043 নম্বরে কল করা উচিত।

কত পরিমাণ ভাড়া সহায়তা উপলব্ধ রয়েছে?

LINC IV কর্মসূচীর যথেষ্ট নমনীয়তা আছে এবং আপনাকে নিজের অ্যাপার্টমেন্ট বা ভাড়ার ঘরে যাওয়ার জন্য সাহায্য করতে পারে।

যদি আপনি একটি নিজের অ্যাপার্টমেন্টে যান:

যদি LINC IV–এর মাধ্যমে একটি অ্যাপার্টমেন্টে যান, তাহলে আপনার LINC IV ভাড়া সহায়তা আপনার পারিবারিক আয় এবং আপনার পরিবারে কতজন সদস্য আছে তার উপর নির্ভর করবে।

বর্ধিত সর্বাধিক ভাড়ার পরিমাণ নিচের চার্টে তালিকাভুক্ত রয়েছে।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আইনতভাবে লিজে উল্লেখিত পরিমাণ বাদে আপনার থেকে অন্য কোনও চার্জ নেওয়ার অনুমতি বাড়িওয়ালার কাছে নেই। বাড়িওয়ালাদের হিট এবং গরম জলের জন্য অতিরিক্ত রাশি নেওয়া নিষিদ্ধ। আপনার সুরক্ষার জন্য আপনার কোনও সাইড ডিলের জন্য একমত হওয়া উচিত নয়। আপনার 311 বা 929-221-0043 নম্বরে কল করে এরকম ধরনের যে কোনও অনুরোধের ব্যাপারে DHS বা HRAকে ততক্ষণাত জানানো উচিত।

সমস্ত লিজ আপনার এবং আপনার বাড়িওয়ার মধ্যে এবং শহর এই লিজের একজন পক্ষ নয়।

LINC IV ভাড়া সহায়তা কর্মসূচী তালিকা									
পরিবারের আকার	1 বা 2	3	4	5	6	7	8	9	10
বর্ধিত সর্বাধিক ভাড়া	$1,268	$1,515	$1,515	$1,956	$1,956	$2,197	$2,197	$2,530	$2,530

LINC IV উদাহরণ

নিম্নলিখিতটি একটি নমুনা ভাড়া অংশদান এবং ভাড়া সহায়তা পরিমাণ। আপনার অংশদান এবং সর্বাধিক ভাড়া আপনার নিজস্ব পারিবারিক এবং পরিবারের আকারের ওপর নির্ভর করবে।

পরিবারের আকার:	2
সর্বাধিক ভাড়া:	$1,268
মাসিক পারিবারিক আয়:	$1,320
মাসিক ভাড়ার অংশদান:	$396
মাসিক ভর্তুকি:	$872

যদি আপনি একটি ভাড়ার ঘর বা অন্যদের সাথে থাকার ব্যবস্থায় যান:
যদি আপনি LINC IV-এর মাধ্যমে একটি ভাড়ার ঘরে বা অন্যদের সাথে থাকার ব্যবস্থায় যান তাহলে সর্বাধিক ভাড়া হবে $800 এবং LINC IV ভাড়া সহায়তা পরিমাণ আপনার বাস্তব ভাড়া ($800 পর্যন্ত) এবং আপনার মাসিক ভাড়া অংশদানের (যা $50-এর সমান হবে) মধ্যে ফারাকের পরিমাণ হবে।

আমি কিভাবে একটি অ্যাপার্টমেন্ট বা ঘর খুঁজে পাব এবং একটি লিজ বা অন্যান্য ভাড়ার চুক্তি স্বাক্ষর করব?

আপনার গৃহ বিশেষজ্ঞ বা কেস ম্যানেজার আপনাকে বাড়িওয়ালা এবং দালালের সাথে যোগাযোগ করার জন্য সাহায্য করবে। আপনি একটি অ্যাপার্টমেন্ট বা ঘর পাওয়ার পর একজন কেস ম্যানেজার পর্যবেক্ষণ তারিখ স্থির করার জন্য দালাল, বাড়িওয়ালা বা প্রাথমিক ভাড়াটিয়াদের সাথে কথা বলবে এবং অনুমোদনের জন্য আপনার নবীনতম আয়ের তথ্য সহ উপযুক্ত নথিপত্র HRA-তে জমা করবে।

যদি আপনি একটি ঘর ভাড়া নেন, ভাড়াটি যেন নিম্নলিখিত মানদণ্ডগুলি অবশ্যই সম্পূর্ণ করে:

- অ্যাপার্টমেন্টে 3টির বেশি বেডরুম যেন না থাকে এবং অ্যাপার্টমেন্টের মধ্যে 3 জনের বেশি সম্পর্ক ব্যতীত প্রাপ্তবয়স্ক (আপনার পরিবার সহ) থাকতে পারবে না।
- যদি আপনি বাড়িওয়ালার থেকে একটি ঘর ভাড়া নেন তাহলে সেই ঘরটি যেন ভাড়া স্থিরকরণ সাপেক্ষ অ্যাপার্টমেন্টে না থাকে।
- যদি আপনি একটি অ্যাপার্টমেন্টের প্রাথমিক ভাড়াটিয়ার কাছ থেকে ঘর ভাড়া নেন তাহলে প্রাথমিক ভাড়াটিয়াকে অবশ্যই আপনার সাথে সেই অ্যাপার্টমেন্টে থাকতে হবে এবং ভাড়াটি যেন সেই অ্যাপার্টমেন্টে বেডরুমের সংখ্যার ওপর ভিত্তি করে আপনার অনুপাতের ভাড়ার থেকে বেশি না হয়।

যদি আপনি নিজেই একটি অ্যাপার্টমেন্ট বা বাড়ি খুঁজে নেন তাহলে অনুগ্রহ করে তত্ক্ষণাত গৃহ বিশেষজ্ঞ এবং কেস ম্যানেজারকে জানান যাতে একটি পর্যবেক্ষণের ব্যবস্থা করা যেতে পারে এবং বাড়িওয়ালা বা প্রাথমিক ভাড়াটিয়াকে কর্মসূচীর নথিপত্র প্রদান করা যেতে পারে

আমার নতুন আবাসনে যাওয়ার পর আমি কি ধরনের সাহায্য পেতে পারি?

HRA এবং DHS এই কর্মসূচীর পরিবারকে পরিষেবা প্রদানকারীদের কাছে পাঠাবেন, যারা তাদেরকে তাদের সমাজে উপযুক্ত পরিষেবার সাথে সংযুক্ত হওয়ার জন্য সাহায্য করবেন।

এই পুস্তিকায় প্রদত্ত তথ্যগুলি LINC IV ভাড়া সহায়তা কর্মসূচীর একটি সাধারণ সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে। কর্মসূচীর পরিচালনা সম্পর্কিত সম্পূর্ণ বিবরণ প্রদান করার জন্য এটি তৈরি করা হয়নি।